



শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি
ভাতশালা, শেরপুর।



Telephone No--0931-61026, 61121, E-Mail-sherpurpbs@yahoo.com.

স্মারক নং-২৭.১২.৮৯৮৮.৫৬৬.০৩.৩০২.১৯. ২৫৪৪


তারিখঃ ০৯/০৬/২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ ভিলেজ ইলেকট্রিশিয়ান প্রশিক্ষণ সম্পর্কিত বিজ্ঞপ্তি।

বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.০২৯.৫৬.৮১৯.১৯.১৫৩৪, তারিখ-০৩/০৬/২০১৯ খ্রিঃ মোতাবেক শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির শেরপুর সদর, নালিতাবাড়ী, নকলা, ঝিনাইগাতী ও শ্রীবরদী উপজেলা এবং জামালপুর সদর উপজেলার তুলশীরচর ও লক্ষীরচর ইউনিয়নের সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির হাউজ ওয়্যারিং কার্যক্রমের জন্য বেশ কিছু সংখ্যক লোকবল ভিলেজ ইলেকট্রিশিয়ান হিসেবে প্রশিক্ষণের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদেরকে শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি হতে প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ শেষে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের প্রশিক্ষণ পরিদপ্তর কর্তৃক পরীক্ষা নেওয়া হবে। পরীক্ষায় কৃতকার্য প্রার্থীগণকে ভিলেজ ইলেকট্রিশিয়ান হিসেবে চূড়ান্তভাবে মনোনীত করা হবে। চূড়ান্ত নির্বাচন শেষে ভিলেজ ইলেকট্রিশিয়ানগণ সমিতির ভৌগলিক এলাকায় গ্রাহক সদস্যদের বাড়ীঘর/দোকানপাট/দাতব্য প্রতিষ্ঠান/এতিমখানা ইত্যাদি ওয়্যারিং করতে পারবেন এবং ওয়্যারিং এর জন্য গ্রাহক সদস্যগণ তাদেরকে সমিতি কর্তৃক নির্ধারিত হারে পারিশ্রমিক প্রদান করবেন।

প্রার্থীদের যোগ্যতা ও শর্তাবলী :

- ০১। আবেদনকারীকে এস এস সি পাশ অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ০২। সমিতির ভৌগলিক এলাকার স্থায়ীভাবে বসবাসকারী।
- ০৩। ভিলেজ ইলেকট্রিশিয়ান হিসেবে কাজ করার জন্য শারীরিকভাবে সক্ষম হতে হবে।
- ০৪। সরকারী, আধা-সরকারী ও স্থায়ীত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত ব্যক্তিগণ আবেদন করতে পারবেন না।
- ০৫। বাড়ী ঘর ওয়্যারিং করার প্রয়োজনীয় টুলস ক্রয়ের সামর্থ্য থাকতে হবে।
- ০৬। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীকে সমিতির সদর দপ্তরে অনুষ্ঠিতব্য “বেসিক কনজুমার ওয়্যারিং কোর্স” এ অংশ গ্রহন করতে হবে।
- ০৭। ভিলেজ ইলেকট্রিশিয়ান হিসেবে অনুমতি পাওয়ার পর সমিতির নিয়মকানুন এর প্রতি শ্রদ্ধাশীল থাকতে হবে এবং সমিতির স্বার্থের পরিপন্থী কোন কাজ করা যাবে না। সমিতির নিয়ম বহির্ভূত কোন কাজ করলে ভিলেজ ইলেকট্রিশিয়ানের অনুমতি বাতিল করা হবে।
- ০৮। যোগ্যতা সম্পন্ন আত্মহী প্রার্থীদের সাদা কাগজে জেনারেল ম্যানেজার, শেরপুর পবিস বরাবর (ক) নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) পূর্ণ ঠিকানা (গ্রাম, ডাকঘর, উপজেলা, জেলা), (ঙ) শিক্ষাগত যোগ্যতা এবং (চ) মোবাইল নম্বর উল্লেখ পূর্বক আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে (ক) ০২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, (খ) এস, এস সি/সমমানের পাশের সনদ পত্রের সত্যায়িত ফটোকপি, (গ) নিজ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সার্টিফিকেট, (ঘ) ডোটার আইডি কার্ড অথবা জন্ম সনদ এর সত্যায়িত কপি সংযুক্ত করে আগামী ১৮/০৬/২০১৯ ইং তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সরাসরি/ডাকযোগে পৌছাতে হবে। আবেদনপত্রে অবশ্যই আবেদনকারীর স্বাক্ষর থাকতে হবে। উল্লেখ্য, সত্যায়নের ক্ষেত্রে, সত্যায়নকারী অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং সীলে সত্যায়নকারীর নাম, পদবী ও কর্মস্থল উল্লেখ থাকতে হবে। এর বত্যয় ঘটলে আবেদনটি সরাসরি বাতিল করা হবে।
- ০৯। প্রশিক্ষণ কোর্স চলাকালীন প্রশিক্ষণার্থী-কে নিজ নিজ দায়িত্বে থাকা ও খাওয়ার ব্যবস্থা গ্রহন করতে হবে।
- ১০। এই প্রশিক্ষণ কোর্স কোন প্রকার চাকুরীর নিশ্চয়তা প্রদান করা হবে না।
- ১১। প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে বাপবিবো/পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচনা হবে।


(মাসরুল হক খান)
জেনারেল ম্যানেজার

অনুলিপি : জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়(সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো)।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও বঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর/ প্রশিক্ষণ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, শেরপুর।
- ০৪। পুলিশ সুপার, শেরপুর।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, জামালপুর।
- ০৬। উপজেলা চেয়ারম্যান-----।
- ০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, শেরপুর সদর/ নালিতাবাড়ী/নকলা/ ঝিনাইগাতী/ শ্রীবরদী/জামালপুর সদর
- ০৮। চেয়ারম্যান-----ইউনিয়ন পরিষদ, শেরপুর।
- ০৯। সভাপতি, সমিতি বোর্ড, শেরপুর পবিস।
- ১০। পরিচালক, এলাকা নং-----সমিতি বোর্ড, শেরপুর পবিস।
- ১১। ডিজিএম(সদর দপ্তর-কারিগরী), শেরপুর পবিস।
- ১২। এজিএম(ওএন্ডএম/এমএস/প্রশাসন/অর্থ), শেরপুর পবিস।
- ১৩। এজিএম(ওএন্ডএম), নকলা সাব-জোনাল অফিস, শেরপুর পবিস।
- ১৪। নোটিশ বোর্ড, সদর দপ্তর, শেরপুর পবিস।
- ১৫। অফিস কপি/মাষ্টার কপি।

বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য আপনার দপ্তরের নোটিশ বোর্ডে টানানো জন্য অনুরোধ করা হলো।


(মাসরুল হক খান)
জেনারেল ম্যানেজার